

সৈয়দ মোঃ আলমগীর
মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।

সৈয়দ মোঃ আলমগীর ৩০ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দে মৎস্য অধিদপ্তরের ২০তম মহাপরিচালক হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। মহাপরিচালক হিসেবে যোগদানের পূর্বে তিনি মৎস্য অধিদপ্তরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ) হিসেবে দায়িত্ব পালন করেন। সৈয়দ মোঃ আলমগীর ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন সদর উপজেলার কাজিপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলার অনন্য সরকারী উচ্চ বিদ্যালয় হতে ১৯৮১ সালে ১ম বিভাগে মাধ্যমিক এবং কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ হতে ১৯৮৩ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। পরবর্তীতে তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে মৎস্য বিষয়ে ১৯৮৭ সালে ১ম শ্রেণীতে স্নাতক ডিগ্রি এবং একই বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৮ সালে ফিশারিজ টেকনোলজি বিষয়ে ১ম শ্রেণীতে ১ম হয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। বিশ্ববিদ্যালয় জীবনে তিনি শহীদ শামসুল হক হলের আবাসিক ছাত্র ছিলেন।

সৈয়দ মোঃ আলমগীর ১১তম বিসিএস পরীক্ষায় বিসিএস (মৎস্য) ক্যাডারে ১ম স্থান অধিকার করে ১৯৯৩ সালে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা, উপ-প্রকল্প পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, বিভাগীয় উপপরিচালক (ঢাকা বিভাগ), উপপরিচালক (প্রশাসন), প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ) ও পরিচালক (অভ্যন্তরীণ) হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেন।

তিনি দেশে এবং থাইল্যান্ড, জার্মানি ও যুক্তরাজ্যে প্রশিক্ষক প্রশিক্ষণসহ (ToT) বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সৈয়দ মোঃ আলমগীর মৎস্য অধিদপ্তরের প্রশিক্ষণ ব্যবস্থাপনা, মডিউল প্রণয়নে বিভাগীয় প্রশিক্ষক হিসেবে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। তিনি বিগত ২০১৯ সালে মৎস্যসম্পদ উন্নয়নে ব্যক্তি অবদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় মৎস্য পুরস্কার হিসেবে স্বর্ণপদক এবং বিগত ২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হন। তিনি বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত।

ব্যক্তি জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।